

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪২৫৮  
খোয়াই, ১৬ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০  
তুলাশিখর ব্লকে বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে তুলাশিখর ব্লকের আনন্দ চৌধুরীপাড়া নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ে গতকাল ২দিনব্যাপী বিকাশ শিবির সমাপ্ত হয়েছে। ব্লকের তইচিঙরামবাড়ি, বাদলাবাড়ি ও পূর্ব বাদলাবাড়ি ভিলেজকে নিয়ে এই শিবিরের আয়োজন করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন ব্লকের বিডিও মানস মুড়াসিং, অতিরিক্ত বিডিও বিশু দেববর্মা, ডিসি কিশোর দেববর্মা, ডিসি দীপঙ্কর সরকার ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে মহকুমা শাসক কার্যালয় থেকে ২৬টি পিআরটিসি, ৪২টি এসটি, ১৭টি ইনকাম ও ৪টি ম্যারেজ সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়া স্বাস্থ্য দপ্তর থেকে ৭৬ জন সুবিধাভোগীর কাছ থেকে আয়ুস্মান কার্ডের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। তাছাড়া শিবিরে ৭০ জনের आधार কার্ড আপডেট করা হয়। শিবিরে এমজিএন রেগায় ৯ জনকে জব কার্ড দেওয়া হয়েছে। শিবিরে ২৮ জনকে প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা योजना, অটল পেনশন योजना ও প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা योजनाর আওতায় আনা হয়েছে। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর থেকে ১ জন গর্ভবতী মহিলাকে পোষণ কিট দেওয়া হয়। তাছাড়া শিবিরে কৃষি ও কৃষক কল্যাণ এবং বন দপ্তর থেকে ফল ও অর্থকরি গাছের চারা দেওয়া হয়। মৎস্য দপ্তর থেকে ৭ জন মৎস্যজীবিকে মাছের খাদ্য ও ঔষধ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*